

WBSCARD Bank Ltd Employees' Association এর দ্বি বার্ষিক সাধারণ সভা গত ২৬ শে ফেব্রুয়ারি ২০২২ তারিখ শনিবার ICMARD Building ultadanga তে অনুষ্ঠিত হয়। এই সাধারণ সভায় বর্তমান সদস্য ছাড়াও অনেক অবসর প্রাপ্ত সদস্য রাও উপস্থিত ছিলেন।

বিগত কয়েক বৎসর ব্যাপী চলমান অতিমারির প্রকোপে সংগঠনের সভা নিয়মিত করা যায় নি। তাই অনেকদিন পরে এই সাধারণ সভায় সদস্যদের উৎসাহ ছিল ভালো। এই সাধারণ সভায় সদস্যদের নিজেদের মধ্যে নিয়মিত সাংগঠনিক বিষয়ে গঠনমূলক আলোচনা বাড়ানো, সদস্য সংখ্যা বৃদ্ধি, সংগঠনের আগামী দিনের গ্রহণযোগ্য কর্মসূচি, WBSCARD ব্যাংকের অবসরপ্রাপ্ত কর্মচারী দের পেনশন বিষয়ে জটিলতা কাটানো ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

পাশাপাশি, ব্যাংকের আর্থিক ও পরিকাঠামো বিষয়ক উন্নতি সাধনের বিভিন্ন প্রস্তাবনা সদস্যদের বক্তব্যের মাধ্যমে উঠে আসে।

WBSCARD ব্যাংকের অধীনে ২৪ টি প্রাইমারি ARDB গুলির আর্থিক অবস্থার উন্নতি সাধন, সূষ্ঠ ভাবে পরিচালনার জন্য নিয়মিত পরামর্শ প্রদান, বেশি সংখ্যক ঋণী সদস্য সংখ্যা বাড়ানো, ঋণ ব্যবস্থার সরলীকরণ ও দ্রুত ঋণ পরিষেবা প্রদান করতে ব্যাংকের Regional Office গুলির পুনরুজ্জীবন করা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

Merger of Co operative Banks এবং RECAPITALISATION of Cooperative Banks বিষয় দুটির উপর সাধারণ সভায় আলোকপাত হয়। এর সাথে সম্পর্কযুক্ত LTCCS এর উন্নয়নে Vaidyanathan Committee র সুপারিশকৃত না পাওয়া আর্থিক প্যাকেজ বিষয়ে আলোচনা হয়। সাধারণ সভায় প্রস্তাবনা আসে যে PCARDB গুলির আর্থিক হাল কিভাবে ফেরানো যায় সেই বিষয়ে ABCBEF এর ARDB Sectoral Committee তে আলোচনা করা হোক।

WBSCARD ব্যাংকের অধীন প্রশিক্ষণ প্রদান সংস্থা ICMARD কে সুপরিবর্তিত ভাবে একটি জাতীয় স্তরের প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা তথা সমবায়ের বহুমুখী Business Centre হিসাবে গড়ে তোলার বিষয়ে বিভিন্ন প্রস্তাব সাধারণ সভায় আলোচনা হয়।

এই সাধারণ সভায় সংগঠনের সভাপতি শ্রী ভবানী চক্রবর্তী তার মূল্যবান বক্তব্য রাখেন। এছাড়াও সকলের শ্রদ্ধেয় AICBEF তথা ABCBEF এর সাধারণ সম্পাদক শ্রী তপন কুমার বোস মহাশয় বিভিন্ন বিষয়ে তার অভিজ্ঞ বক্তব্য রাখেন।

সাধারণ সভায় সিদ্ধান্ত হয় যে সাংগঠনিক দিক থেকে কর্মচারীদের বিভিন্ন দাবি দাওয়ার বিষয় গুলি ও একই সঙ্গে ব্যাংকের উন্নতি বিষয়ে সাধারণ সভায় গৃহীত প্রস্তাবনা গুলি শীঘ্রই ব্যাংক কর্তৃপক্ষের নিকট পেশ করা হবে।

এই সাধারণ সভায় সংগঠনের নতুন Executive Committee নির্বাচিত হয়। শ্রী তপন কুমার বোস মহাশয় দীর্ঘ সাত বৎসর পরে আবার সংগঠনের সভাপতি নির্বাচিত হন এবং মিস সঞ্চারী মিত্র সংগঠনের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। উপস্থিত সকল সদস্য নতুন নির্বাচিত Executive Committee কে অভিনন্দন জানান। উপস্থিত সকল সদস্যকে সভা সূষ্ঠ ও সফল ভাবে সম্পন্ন করার জন্য ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।